

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/১(১৭১)/২০২২/৩২৯

তারিখঃ ৩০-০৩-২০২৩

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ২৮-০৩-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.২০.০০১.২০.১৪৮৬/২২ সংখ্যক স্মারকের মাধ্যমে বৈশ্বিক অতিমারির কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য MIS -এ যথাসময়ে এন্ট্রি না করায়/এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল (শিক্ষার্থীর নাম, পরীক্ষার নাম ও সাল, বৃত্তির ধরণ, ব্যাংক ও শাখার নাম, হিসাব ও রাউটিং নম্বর, ইত্যাদি) রয়েছে এবং পিইসি (২০২২), এসএসসি (২০২২) এবং এইচএসসি (২০২২) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিভিন্ন অর্থবছরের বৃত্তিপ্রাপ্ত যেসকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি কিংবা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি অথবা একই শিক্ষার্থীর একটি পরীক্ষার বিপরীতে একাধিক এন্ট্রি রয়েছে তাদের তথ্য MIS-এ এন্ট্রি/ভুল সংশোধন/একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ে সকল অনুষদের লেভেল-১, সেমিস্টার-১/২০২২ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি (মেধা ও সাধারণ) পেয়েছে তাদেরকে এবং বিভিন্ন লেভেলে অধ্যয়নরত বোর্ডবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যারা পূর্বে ভুল তথ্য প্রদান/তথ্য প্রদান না করা কারণে বৃত্তি পায়নি তাদেরকে শিক্ষা ও বৃত্তি শাখা হতে ফরম সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আগামী ০৫-০৪-২০২৩ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

নির্দেশনাবলীঃ

০১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
০২. শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৩. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৫. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৬. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮. ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
০৯. বিকাশ, শিওর ক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;



(শেখ রেজাউল করিম)

রেজিস্ট্রার

ফোনঃ ৪৪৮১৪০০৬

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকুবি
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকুবি (লে-১, সে-১) এর ছাত্র-ছাত্রীদের অবগতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ৩। পরিচালক (আইসিটি সেল), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৪। হল প্রভোস্ট (সকল), শেকুবি
- ৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি
- ৬। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকুবি
- ৭। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ৮। ৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১০। সকল নোটিশ বোর্ড, শেকুবি
- ১১। অফিস কপি